Model Activity Task 2021 September

Model Activity Task Part – 6 | Class- 7 | Geography

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

সপ্তম শ্রেণী | ভূগোল | পার্ট -৬

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখ :

১.১ ‘পৃথিবীর ছাদ’ যে মালভূমিকে বলা হয় সেটি হল –

ক) ছোটোনাগপুর মালভূমি

খ) মালব মালভূমি

গ) পামীর মালভূমি

সমাধান
www.somadhan.info

ঘ) লাদাখ মালভূমি

১.২ নদীর উচ্চ প্রবাহে ‘I’ আকৃতির উপত্যকা সৃষ্টির অন্যতম প্রধান কারণ হল –

ক) ভূমির ঢাল কম থাকা

খ) উপনদীর সংখ্যা বেশি থাকা

গ) নদীর নিম্নক্ষয়ের ক্ষমতা বেশি হওয়া

ঘ) নদীর পার্শ্বক্ষয়ের ক্ষমতা বেশি হওয়া

১.৩ যে রূপান্তরিত শিলা বিভিন্ন সৌধ নির্মাণে কাজে লাগে তা হল–

ক) কাদাপাথর

খ) চুনাপাথর

গ) ব্যাসল্ট

ঘ) মার্বেল

সমাধান

২. স্তম্ভ মেলাও:

ক	খ
২.১ কিলিমাঞ্জারো	iii) আগ্নেয় পর্বত
২.২ গ্রানাইট	i) আগ্নেয় শিলা
২.৩ মিয়েন্ডার	ii) নদীর মধ্যপ্রবাহ

www.somadhan.info

৩. সংক্ষিপ্ত উত্তর দাও:

৩.১ ভূমির ঢাল ও উচ্চতার ভিত্তিতে মালভূমি ও সমভূমির পার্থক্য নিরূপণ কর।

উ: ভূমির ঢাল ও উচ্চতার ভিত্তিতে মালভূমি ও সমভূমির পার্থক্যঃ

	মালভূমি	সমভূমি
ভূমির ঢাল	মাল্ভুমির উপরিভাগ সমতল হলেও পার্শ্বদেশ খাড়া ঢাল যুক্ত হয়।	সমভুমির উপরিতল সমতল ও সামান্য ঢেউ খেলানো হতে পারে
উচ্চতা	মাল্ভুমিগুলো সমুদ্রপৃষ্ঠ থেকে 300 মিটারের অধিক উচ্চতা বিশিষ্ট হয়	সমভুমি সমুদ্রপৃষ্ঠ থেকে 300 মিটারের কম উচ্চতা বিশিষ্ট হয়

সমাধান

৩.২ নীলনদের উপর কী উদ্দেশ্যে আসোয়ান বাঁধ নির্মাণ করা হয়েছিল?

www.somadhan.info

উ: নীলনদের ওপর বহুমুখী নদী পরিকল্পনা করে আসোয়ান বাঁধ নির্মাণ করা হয়েছে। পরিকল্পনাগুলি হল –

i)পর্যটন, ii)জলসেচ, iii)বন্যা নিয়ন্ত্রণ, iv) জলবিদ্যুৎ উৎপাদন, v)জলপরিবহন , vi)মাছ চাষ ইত্যাদি।

আসোয়ান বাঁধ নির্মাণ এর ফলে বন্যার নিয়ন্ত্রণ আরও ভাল হয়ে যায়, সেচের জন্য পানি সরবরাহ বৃদ্ধি পায় এবং জলবিদ্যুৎ উৎপাদনের ফলে এটিকে মিশরের পরিকল্পিত শিল্পায়নের জন্য বাঁধ হিসেবে চিহ্নিত করা হয়।

৪. মানুষের নানাবিধ ক্রিয়াকলাপ নদীর উপর নেতিবাচক প্রভাব ফেলে বক্তব্যটির যথার্থতা বিচার কর।

উ: মানুষের জীবনের সঙ্গে নদীর সম্পর্ক এত নিবিড় হলেও, মানুষের কিছু কিছু কাজ নদীর স্বাভাবিক ছন্দকে নষ্ট করেছে।

i) কৃষি ব্যবস্থার প্রসার, শিল্পায়ন, নগরায়ন, ইতাদি নানাভাবে নদীকে প্রভাবিত করছে। বন্যা নিয়ন্ত্রণের জন্য নদীর পাড়ে কৃত্রিম বাঁধ তৈরি করলে সাময়িক সুফল পাওয়া গেলেও শেষ পর্যন্ত তা আরও ভয়াবহ বন্যারই কারণ হয়ে উঠছে! একদিকে কৃষিজমি থেকে ধুয়ে আসা পলিতে নদী ক্রমশ ভরাট হচ্ছে। অন্য দিকে সেচের জলের জোগান দিতে নদী ক্রমশ শুকিযে যাচ্ছে।

ii) শহর, শিল্পাঞ্চলের বর্জ্য জল নদীতে অবাধে মিশে গযে নদীর জল ক্রমশ বিষাক্ত হয়ে যাচ্ছে।

www.somadhan.info